CAREERINDIA

SET – 4

Series : TYM/C

Code No. **7**

Roll No. | | | | | | | |

Candidates must write the Code on the title page of the answer-book.

- পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে ৮ ছাপা পৃষ্ঠা রয়েছে।
- প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে। উত্তরপত্রের মুখ্য পাতায় ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে।
- পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে **১৬**টি প্রশ্ন আছে।
- **উত্তর শুরু করার আগে ক্রমিক নং (Serial Number) লিখতে হবে।**
- প্রশ্নপত্রটি পড়ার জন্য ১৫ মিনিট সময় দেওয়া হবে। ১০.১৫ মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে। ১০.১৫ থেকে ১০.৩০ মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে। এই সময়ে কোন উত্তর লেখা চলবে না।
- Please check that this question paper contains **8** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **16** questions.
- **Please write down the Serial Number of the question before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

# বাংলা
# BENGALI

www.careerindia.com

*সময় : ৩ ঘণ্টা* | *সর্বোমোট অঙ্ক : ৮০*

*Time allowed : 3 Hours* | *Maximum Marks : 80*

প্রশ্নপত্রে চারটি বিভাগ আছে :

ক বিভাগ : বোধ পরীক্ষণ

খ বিভাগ : নির্মিতি

গ বিভাগ : ব্যাকরণ

ঘ বিভাগ : সাহিত্য ও সহায়ক্ পাঠ

CAREERINDIA

The question paper is divided into four sections :

SECTION A : Reading (Comprehension)

SECTION B : Writing (Composition)

SECTION C : Grammar

SECTION D : Literature (Text Books & Supplementary Reader)

## SECTION – A

## বোধ-পরীক্ষণ

## Reading (Comprehension)

1. নীচের অনুচ্ছেদটি পাঠ করে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **1 × 5 = 5**

ছুটিতে বাইরে সবচেয়ে বেশি ফূর্তি হত মেজোপিসিমার বাড়িতে। পিসেমশাই ছিলেন সদর ডেপুটি অফিসার। তাঁর কাজের জায়গা ছিল বিহার। বদলির চাকরি-কখনো হাজারিবাগ, কখনো মজঃফরপুর, কখনো আরা-এইভাবে ঘুরে ঘুরে কাজ। আমি যখন প্রথম যাই ওঁদের কাছে তখন ওঁরা ছিলেন হাজারিবাগে। পিসিমার দুই মেয়ে নিনি আর রুবি, আর তাদের বাপ-মা-হারা খুড়তুতো ভাই বোন কল্যাণ আর লতু। সবাই আমার চেয়ে বয়সে বড় আর সবাই আমার বন্ধু। হাজারিবাগে এর পরে আরো কয়েকবার গেছি। প্রথমবার যাওয়া থেকে মনে আছে পিসেমশাই – এর সবুজ রঙের ওভারল্যান্ড গাড়ি। তখনকার গাড়ির লটখটে চেহারা দেখে এখনকার লোকের হাসি পাবে। কিন্তু এই ওভারল্যান্ড যে কত তাগড়াই গাড়ি ছিল, আর কত ঝঞ্ঝার মধ্যেও সে তার বাহনের কর্তব্য পালন করে এসেছে সেটা পিসেমশাই-এর মুখে শুনতাম।

(a) ছুটিতে সব থেকে বেশি ফূর্তি কোথায় হত ?

(b) পিসেমশাই কোন্ কোন্ জায়গায় ঘুরে ঘুরে কাজ করতেন ?

(c) লেখক যখন প্রথম এঁদের কাছে যান তখন এঁরা কোথায় ছিলেন ?

(d) কারা কারা লেখকের থেকে বয়সে বড় এবং বন্ধু ?

(e) ‘মজবুত’ শব্দটির একটি সমার্থক শব্দ অনুচ্ছেদ থেকে খুঁজে বের করে লেখো।

www.careerindia.com

CAREERINDIA

2. নীচের অনুচ্ছেদটি পাঠ করে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখো। **1 × 5 = 5**

যখন জ্ঞান হল তখন দেখি, আমি ডাক-বাংলোর খাটে লম্বা হয়ে আছি। ঝাঁটু মাথার সামনে দাঁড়িয়ে আমায় হাওয়া করছে, ক্যাবলা পায়ের কাছে বসে মিটমিটে চোখে তাকিয়ে আছে আর পাশে একখানা চেয়ার টেনে নিয়ে টেনিদা ঘুঘুর মতো বসে রয়েছে। ঝাঁটুর হাতের পাখাটা খটাস করে আমার নাকে এসে লাগতেই আমি বললুম, উফ্‌ ! চেয়ার ছেড়ে টেনিদা তড়াক করে লাফিয়ে উঠল ঃ যাক, তাহলে এখনও তুই মারা যাস নি ! ক্যাবলা বললে, মারা যাবে কেন ? থোড়াসে বেহুঁশ হয়ে গিয়েছিল। আমি তো বলেই ছিলুম টেনিদা, ওর নাকে একটুখানি লঙ্কা পুড়িয়ে ধোঁয়া দাও। এক্ষুনি চাঙা হয়ে উঠবে। টেনিদা বললে, আর লঙ্কা-পোড়া। যেমনভাবে দাঁত ছরকুটে পড়েছিল, দেখে তো মনে হচ্ছিল, পটলডাঙা থেকে এখানে এসেই বুঝি শেষ পর্যন্ত পটল তুলল।

(a) জ্ঞান হলে বক্তা নিজেকে কী অবস্থায় দেখল ?

(b) ঘরে ঝাঁটু তখন কী করছিল ?

(c) টেনিদা চেয়ার ছেড়ে উঠে কী বললো ?

(d) বক্তা কখন 'উফ্‌' বললো ?

(e) 'লঙ্কা-পোড়া' পদটির ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো।

3. নীচের অনুচ্ছেদটি পাঠ করে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও। **1 × 5 = 5**

অন্ধকার থেকে এগিয়ে এসে একটি মূর্তি ডাক্তারের বাক্স বেডিং মাথায় তুলে নিয়ে পথ হাঁটতে শুরু করে। ডাক্তার আমার বাক্সটা নেয়, খুব অনিচ্ছাসত্ত্বেও। ছেত্রীকে ডাক্তার কত দিল দেখিনি, আমি কুড়ি টাকা দিই। সারাটা পথ পান-তাম্বুল খাওয়াতে খাওয়াতে এসেছে। একবার পকেট থেকে কিছু ফটো বের করে দেখিয়েছে। কীসের ফটো, কিছুই বোঝা গেল না। ছেত্রী বলল – 'তাওয়াং – এর হাইড্রোইলেকট্রিক প্রজেক্টের ছবি। আমি নিজের ক্যামেরায় তুলেছি।' জলের চিহ্ন দেখলাম না সেই ছবিতে যদি ও। ওটা সুন্দরবনের টাইগার প্রজেক্টের ছবিও হতে পারে অথবা বাঁকুড়ার খরার। যাই হোক খুব আমুদে ছেলে। টাকাটা প্রথমে নিতে আপত্তি তারপর পকেটে পুরল। হাত বাড়িয়ে হ্যান্ডশেক করে 'গুডবাই' করলুম – খুব খুশি।

(a) ডাক্তারের বাক্স বেডিং নিয়ে কে চলল ?

(b) বক্তা ছেত্রীকে কত টাকা দিলেন ?

(c) সারাটা পথ সে বক্তাকে কী খাইয়েছে ?

(d) ছেত্রী বক্তাকে কীসের ছবি দেখায় ?

(e) 'খুশি' শব্দটির বিপরীত শব্দ লেখো।

www.careerindia.com

CAREERINDIA

## SECTION – B
## নির্মিতি (রচনা)
## Writing (Composition)

4. রাস্তায় দেখা একটি দুর্ঘটনার বিবরণ জানিয়ে ভাইকে সাবধানে পথ চলতে নির্দেশ দিয়ে একটি পত্র লেখো। **5**

অথবা

হঠাৎ বৃষ্টি হওয়ার পুজোর দিনগুলির আনন্দ ম্লান হয়ে যাওয়ার অনুভূতি জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখো।

5. নীচের যেকোন একটি বিষয় অবলম্বনে একটি অনুচ্ছেদ রচনা করো। **5**

(a) তোমার দেখা একটি বইমেলা।

(b) বেড়ে যাওয়া অপরাধ প্রবণতা এবং তরুণ ছাত্র সমাজ।

(c) প্রাকৃতিক দুর্যোগ ও ছাত্র সমাজের দায়িত্ব।

## SECTION – C
## ব্যাকরণ
## Grammar

6. প্রয়োজন মত সন্ধি কর অথবা সন্ধি বিচ্ছেদ কর ঃ (পাঁচটি) **1 × 5 = 5**

(i) মনঃ + যোগ (ii) শরচ্চন্দ্র

(iii) উদ্ + চারণ (iv) নিষ্ফল

(v) পুরঃ + কার (vi) নীরব

(vii) উৎ + লেখ (viii) ইতস্ততঃ

7. ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো ঃ (পাঁচটি) **1 × 5 = 5**

(i) দেনাপাওনা (ii) হাতঘড়ি

(iii) আজীবন (iv) বেগুনপোড়া

(v) ডুগি-তবলা (vi) মহারাজ

www.careerindia.com

CAREERINDIA

8. নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো ঃ (পাঁচটি) **1 × 5 = 5**

(i) শহরে যারা নতুন এসেছে, তারা দুই চোখ বড়ো করে তাকিয়ে থাকে (সরল বাক্যে)

(ii) সন্ধ্যা উত্তীর্ণ হইলে সে পৈতা বাহির করিয়া সায়ংসন্ধ্যা সমাপন করিল। (জটিল বাক্যে)

(iii) উনানের মুখে ফুঁ দিয়ে হরিদা আমাদের কথার জবাব দিলেন। (যৌগিক বাক্যে)

(iv) যেই তোমাকে দেখেছে অমনি বায়না শুরু করেছে। (সরল বাক্যে)

(v) আমি ডাকতেই তিনি বেরিয়ে এলেন। (জটিল বাক্যে)

(vi) বুদ্ধ ক্রুদ্ধ হয়ে মাঝিকে তিরস্কার করতে লাগলেন (যৌগিক বাক্যে)

9. নির্দেশ অনুযায়ী সাধু অথবা চলিত রীতিতে পরিবর্তন করো ঃ **1 × 5 = 5**

(a) আমি যদি যীশু খ্রিস্টের আগে জন্মাতাম ! (সাধু রীতিতে)

(b) বড়ো ভয় করিতে লাগিল নন্দেরচাঁদের (চলিত রীতিতে)

(c) খুব চমৎকার পাগল সাজতে পেরেছে তো লোকটা (সাধু রীতিতে)

(d) তোমায় আর অধিক বিরক্ত করিব না (চলিত রীতিতে)

(e) আপনার এত উৎসাহ জেগে উঠল কেন ? (সাধু রীতিতে)

(f) মানুষটি জলে জলময় পৃথিবীর দিকে চাহিয়া কঁদিতে লাগিল (চলিত রীতিতে)

## SECTION – D

### সাহিত্য (পাঠ্যপুস্তক এ সহায়ক গ্রন্থ)

### Literature (Text Book & Supplementary Reader)

10. 'কিন্তু আমার উপর মিথ্যে সন্দেহ রাখবেন না বাবু মশায়' – **2 + 3 = 5**

(a) উক্তিটি কার লেখা কোন রচনা থেকে নেওয়া ? কে কাকে একথা বলেছে ?

(b) বক্তাকে কেন সন্দেহ করা হচ্ছিল ?

**অথবা**

'বুঝতে অসুবিধে নেই, হরিদার জীবনের ভাতের হাঁড়ি মাঝে মাঝে শুধু জল ফুটিয়েই সারা হবে।'

(a) উক্তিটি কার রচনার ? লেখক কে ? হরিদা কে ছিলেন ?

(b) কোন্ ঘটনার পর হরিদা সম্বন্ধে এই উপলব্ধি হল তা নিজের ভাষায় আলোচনা করো।

www.careerindia.com

CAREERINDIA

11. 'সব স্নেহ তাই উজাড় করে দিয়েছে বোধহয় ঘড়িটির উপর।' **1 + 1 + 3 = 5**

(a) কোন্ রচনায় কার সম্বন্ধে এই উক্তি করা হয়েছে ?

(b) ঘড়িটি কোথায় ছিল ?

(c) ঘড়ির উপর তাঁর স্নেহের প্রকাশ কীভাবে দেখা যায় ?

শেষপর্যন্ত ঘড়িটি কী হয়েছিল ?

**অথবা**

'গল্প ছাপা হলে যে ভয়ংকর আহলাদটা হবার কথা, সে আহলাদ খুঁজে পায় না।'

(a) উক্তিটি কোন্ রচনার, লেখক কে ?

(b) কার গল্প কোথায় ছাপা হয়েছিল ?

(c) 'ভয়ংকর আহলাদ' খুঁজে না পাবার কারণ কী – আলোচনা করো।

12. সঠিক উত্তর নির্বাচন করো (MCQ) **(পাঁচটি)** **1 × 5 = 5**

(a) তপন যে গল্পটি লিখেছিল, তার নাম -

(i) প্রথম রাত

(ii) প্রথম দিন

(iii) প্রথম সকাল।

(b) হাসপাতালের একজন রুগীকে তার ঘায়ের উপর আলোবাবু কী ওষুধ দিয়েছিলেন ?

(i) টিংচার আয়োডিন

(ii) ডেটল

(iii) কার্বলিক অ্যাসিড।

(c) অবিনাশবাবুর শিশুপুত্রের নাম -

(i) বিনু

(ii) পিনু

(iii) তিনু

(d) শেষপর্যন্ত আলোবাবুকে কোথায় যেতে হয় ?

(i) হাসপাতালে

(ii) বৃদ্ধাশ্রমে

(iii) পাগলা গারদে।

www.careerindia.com

CAREERINDIA

(e) 'বহুরূপী' গল্পটির লেখক হলেন -

(i) আশাপূর্ণা দেবী

(ii) সুবোধ ঘোষ

(iii) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(f) অপূর্বকে জলখাবারে বাড়ির তৈরি মিষ্টান্ন খাবার অনুরোধ জানায় -

(i) রামদাসের কন্যা

(ii) রামদাসের মা

(iii) রামদাসের স্ত্রী

(g) কী উপলক্ষে বিরাগীকে জগদীশবাবু টাকা দিতে চেয়েছিলেন ?

(i) তীর্থ ভ্রমণ করতে।

(ii) মন্দির বানাতে।

(iii) প্রণামী হিসেবে।

(h) হরিদার ভয়ানক আপত্তি -

(i) একঘেয়ে কাজ করতে

(ii) অভাবটাকে সহ্য করতে

(iii) বহুরূপী সাজতে।

13. 'অস্ত্র ফ্যালো, অস্ত্র রাখো গানের দুটি পায়ে' **2 + 3 = 5**

(a) কার লেখা, কোন্ কবিতার অংশ ?

(b) কবি গানের পায়ে অস্ত্র ফেলতে বলেছেন কেন-বুঝিয়ে লেখো।

অথবা

'কিছুই কোথাও যদি নেই
তবু তো কজন আছি বাকি
আয় আরো হাতে হাত রেখে
আয় আরো বেঁধে বেঁধে থাকি।'

(a) কোন্ কবিতার অংশ ? কবির নাম কী ?

(b) 'কিছুই কোথাও যদি নেই' – কবির এমন ভাবনার কারণ কী ? 'বেঁধে বেঁধে থাকা'র অর্থ স্পষ্ট করো।

www.careerindia.com

CAREERINDIA

14. প্রসঙ্গসহ ব্যাখ্যা লেখো। **5**

তিনপাহাড়ের নকশিকাঁথায় শিশুর কলরব।

**অথবা**

সকালে প্রভাতফেরির সঙ্গে

ভোরের আজান

একাকারে মিলিয়ে যাচ্ছে।

15. 'গোহ সেই বীরনগরে কমলাবতীর ঘরে মানুষ হতে লাগলেন।' **1 + 2 + 2 = 5**

(a) গোহ কে ?

(b) উক্তিটি কোন্ গল্প থেকে নেওয়া ? গোহের মায়ের নাম কী ?

(c) কমলাবতী কে ছিলেন ? গোহ কেন তাঁর ঘরে মানুষ হতে লাগলেন ?

**অথবা**

'অত বড় রাজপুরী, যেন জনমানব নেই' –

(a) উক্তিটি কোন্ গল্প থেকে নেওয়া ?

(b) কোন্ রাজপুরীর কথা বলা হয়েছে ? কেন সেখানে জনমানব নেই ?

(c) সে সময়ের রাজপুরীর বর্ণনাটি নিজের ভাষায় লেখো।

16. একটি বাক্যে উত্তর দাও (পাঁচটি) **1 × 5 = 5**

(a) সূর্যমন্দিরের পিতলের প্রদীপটির ওজন কত ছিল ?

(b) সূর্যমন্দিরের বৃদ্ধ পুরোহিত কত বছর ধরে সূর্যদেবের পূজা করে আসছেন ?

(c) সুভাগা তাঁর সন্তানদের নাম গায়েব গায়েবী দিলেন কেন ?

(d) শিলাদিত্য কাকে বিয়ে করেছিলেন ?

(e) 'গোহ' গল্পে ভীলরাজের নাম কী ছিল ?

(f) অত্যাচারী রাজা নাগাদিত্য কাদের হাতে প্রাণ হারালেন ?

(g) বাপ্পাদিত্য কোন্ রাজকুমারীকে বিয়ে করেছিলেন ?

www.careerindia.com